



বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া  
Bangladesh Association of Australia  
a community organization for the Bangladeshi's living in Australia  
Registration No: Y0534145

**বিষয়: ২০০৯-১০ বছরের জন্য কার্যকরী পরিষদের নির্বাচন।**

**নির্বাচন তারিখঃ ৭ই জুন ২০০৯ রোববার**

তারিখ: ২২শে মার্চ ২০০৯

সম্মানিত সদস্য/সদস্যা:

এই মর্মে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে গত ১৮ই মার্চ ২০০৯ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার কার্যকরী পরিষদের সভায় সংগঠনের গঠনতন্ত্র মোতাবেক আগামী ২০০৯-১০ সালের কার্যকরী পরিষদ "নির্বাচন '০৯" পরিচালনার দায়িত্ব প্রদান করে নিম্নস্বাক্ষরকারীকে সর্বসম্মতিক্রমে নির্বাচন কমিশনার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। নিম্ন বর্ণিত ১৬টি পদের জন্য কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

সভাপতি (১টি), সহ-সভাপতি (১টি), সাধারণ সম্পাদক (১টি), সহকারী সাধারণ সম্পাদক (১টি), কোষাধ্যক্ষ (১টি), সাংগঠনিক সম্পাদক (১টি), শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক (১টি), প্রচার ও প্রকাশনা সম্পাদক(১টি), কল্যান ও গবেষণা সম্পাদক(১টি), দপ্তর ও বার্তা সম্পাদক (১টি), ক্রীড়া সম্পাদক (১টি), কার্যকরী পরিষদের সদস্য (৫টি)।

এসোসিয়েশনের সংবিধানের ১২.২ ও ১৮.১(বি) ধারা মতে যারা ৩০শে মার্চের মধ্যে সংগঠনের সদস্য পদ গ্রহণ বা নবায়ন করবেন শুধু তারাই নির্বাচনে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবেন এবং নির্বাচনে অংশ গ্রহনের অধিকার পাবেন। এসোসিয়েশনের সংবিধান ও প্রকাশিত নির্বাচনী নীতিমালা অনুযায়ী নির্বাচন ২০০৯ অনুষ্ঠিত হবে, প্রকাশিত নীতিমালার কপি সংগ্রহ করুন।

### **নির্বাচনী তফসীল**

প্রতিশ্রুতি ভোটার তালিকা প্রকাশ	:	২রা মে ২০০৯ শনিবার বিকেল ৫টা স্থান: 17 Queen Street, Beaconsfield, NSW 2015
ভোটার তালিকা সংশোধনী গ্রহণ শেষ তারিখ ও সময়	:	৩রা মে ২০০৯,রোববার বিকেল ৫-৭টা পর্যন্ত। স্থান: 17 Queen Street, Beaconsfield, NSW 2015
চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	:	১০ই মে ২০০৯ রোববার বিকেল ৫টা স্থান: 17 Queen Street, Beaconsfield, NSW 2015
মনোনয়ন পত্র দাখিল ও বাছাইয়ের শেষ তারিখ ও সময়	:	১৭ই মে ২০০৯ রোববার বিকেল ৫টা-৭টা পর্যন্ত। স্থান: 17 Queen Street, Beaconsfield, NSW 2015
মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ও সময়	:	২৪শে মে, ২০০৯ রোববার, বিকেল ৫টা-৭টা পর্যন্ত স্থান: 17 Queen Street, Beaconsfield, NSW 2015
চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	:	৩১শে মে ২০০৯ রোববার, বিকেল ৫টা-৭টা পর্যন্ত। স্থান: 17 Queen Street, Beaconsfield, NSW 2015
ভোট গ্রহণ, গননা ও ফলাফল	:	৭ই জুন, ২০০৯ রোববার, বিকেল ৫টা- ৭টা পর্যন্ত ভোট গ্রহণ। স্থান: 17 Queen Street, Beaconsfield, NSW 2015 NSW 2018

বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার প্রিয় সদস্য/সদস্যাব্দ কে আগামী ৭ই জুন, ২০০৯ অনুষ্ঠিতব্য নির্বাচনে অংশ গ্রহণ করে নির্বাচনকে সাফল্য মণ্ডিত করে একটি শক্তিশালী ও গতিশীল কমিউনিটি নির্মাণে সহায়তা করার আহ্বান জানাচ্ছি। নির্বাচনে অংশ গ্রহনের নীতিমালা অপর পৃষ্ঠায় দেওয়া হলো। পরিশেষে সকলের একান্ত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

**(দেলোয়ার হোসেন)**

নির্বাচন কমিশনার

ফোন: ০৪০৪ ২১২ ৮৮৪ অথবা ০৪০২ ৬৬৯ ৩৭১